

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৪৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮৫. যিনি বলেন, ইমাম প্রত্যেক দলের সাথে এক রাক'আত করে আদায় করবেন, এরপর সালাম ফিরাবেন। অতঃপর প্রত্যেক দল দাঁড়িয়ে নিজস্বভাবে অবশিষ্ট এক রাক'আত সালাত আদায় করবেন

باب مَنْ قَالَ يُصلِّي بِكُلِّ طَائِفَةٍ رَكْعَةً ثُمَّ يُسَلِّمُ فَيَقُومُ كُلُّ صَفٍّ فَيُصلُّونَ لأَنْفُسِهِمْ رَكْعَةً

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، عَنْ مَعْمَرٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَالِمٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلَّى بإِحْدَى الطَّائِفَتَيْنِ رَكْعَةً وَالطَّائِفَةُ الأُخْرَى مُوَاجِهَةُ الْعَدُوِّ ثُمَّ انْصَرَفُوا فَقَامُوا فِي مَقَامِ أُولَئِكَ، وَجَاءَ أُولَئِكَ، فَصَلَّى بِهِمْ رَكْعَةً مُواجِهَةُ الْعَدُوِّ ثُمَّ انْصَرَفُوا فَقَامُوا فِي مَقَامٍ أُولَئِكَ، وَجَاءَ أُولَئِكَ، فَصَلَّى بِهِمْ رَكْعَةً أُخْرَى ثُمَّ سَلَّمَ عَلَيْهِمْ ثُمَّ قَامَ هَوُّلَاءِ فَقَضَوْا رَكْعَتَهُمْ وَقَامَ هَوُّلَاءِ فَقَضَوْا رَكْعَتَهُمْ

_ صحیح : ق

قَالَ أَبُو دَاوُدَ: وَكَذَلِكَ رَوَاهُ نَافِعٌ وَخَالِدُ بْنُ مَعْدَانَ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم وَكَذَلِكَ وَوَى يُوسُفُ بْنِ مِهْرَانَ عَنِ ابْنِ عَبَّاسٍ، وَكَذَلِكَ رَوَى يُونُسُ عَنِ ابْنِ عَبَّاسٍ، وَكَذَلِكَ رَوَى يُونُسُ عَن الْحَسَن عَنْ أَبِي مُوسَى أَنَّهُ فَعَلَهُ

বাংলা

১২৪৩। ইবনু 'উমার রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু' দলের এক দলকে সঙ্গে নিয়ে এক রাক'আত সালাত আদায় করেন। এ সময় অপর দলটি শত্রুর মুকাবিলায় দাঁড়িয়ে থাকলো। অতঃপর তারা দ্বিতীয় দলের অবস্থানে গিয়ে দাঁড়ালে দ্বিতীয় দলটি (সামনের কাতারে) আসলো। এ সময় তিনি তাদেরকে নিয়ে তাঁর দ্বিতীয় রাক'আতটি আদায় করে একাই সালাম ফিরালেন, অতঃপর প্রথম ও দ্বিতীয় উভয় দল দাঁডিয়ে নিজেরাই নিজ নিজ অবশিষ্ট এক রাক'আত সালাত পূর্ণ করলো।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।



ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেন, অনুরূপ বর্ণনা করেছেন নাফি' ও খালিদ ইবনু মা'দান ইবনু 'উমার হতে মারফূ'ভাবে। ইবনু 'আব্বাস সূত্রে মাসরূক এবং ইউসূফ ইবনু মিহরানের উক্তিও তাই। ইউনূস- হাসান হতে আবৃ মূসা (রাঃ) সূত্রেও অনুরূপ বর্ণিত আছে।

English

Narrated Ibn 'Umar:

The Messenger of Allah (ﷺ) led one section in one rak'ah of prayer and the other section was facing the enemy. Then they turned away and took the position of the other section. They (the other section) came and he (the Prophet) led them in the second rak'ah. He then uttered the salutation. Thereafter they stood up and completed the remaining rak'ah, they went away and the other section completed their remaining rak'ah.

Abu Dawud said: This tradition has been narrated by Nafi' and Khalid b. Ma'dan from Ibn 'Umar in like manner from the Prophet (ﷺ). This has also been transmitted similarly by Masruq ad Yusuf b. Mihran on the authority of Ibn 'Abbas. This has been narrated by Yunus from al-Hasan from Abu Musa something similarly, saying that Abu Musa has done so.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : মাগাযী, অনুঃ গাযওয়া জাতুর রিকা', হাঃ ৪১৩৩), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও কাসর করা, অনুঃ সালাতুল কাওফ) সকলে মা'মার হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন